

বার্ষিক প্রতিবেদন - ২০২০

মঙ্গল উপস্থিতি পরিচালন সমিতির সভাপতি, দর্শকাসনে উপস্থিতি বিশিষ্ট
অতিথিবৃন্দ, প্রিয় সহকর্মী ও ছাত্রীরা -

যোগমায়া দেবী কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবার্ষিক পুরস্কার বিতরণী সভায়
আপনাদের সকলকে হার্দিক স্বাগত জানাই। প্রতি বছরই এই দিনটিতে আমি
কলেজের বিশেষ প্রাপ্তিগুলি, হয়তো বা কিছু অপ্রাপ্তিগুলি, আপনাদের সঙ্গে ভাগ
করে নিই বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে।

নতুন শতাব্দীর দ্বিতীয় এবং তৃতীয় দশকের এই সম্বিশ্঳েষণ, ২০১৯-২০২০,
যোগমায়া দেবী কলেজের ইতিহাসেও এক সম্বিশ্঳েষণ বয়ে এনেছে। দীর্ঘদিনের
অপেক্ষার অবসানে, কলেজের দ্বিতীয় ক্যাম্পাসের জমি কিনতে আমরা সমর্থ
হয়েছি যেখানে ছাত্রীদের খেলার মাঠ, হোস্টেল, অডিটোরিয়াম সহ একটি
সম্পূর্ণ শিক্ষাঙ্গন গড়ে তুলতে আমরা বদ্ধপরিকর।

আমার সমস্ত শিক্ষক এবং অশিক্ষক সহকর্মীর অকৃত সহযোগীতা ছাড়া এই
অগ্রগতি সম্ভব হতো না। আপনাদের প্রত্যেককে ধন্যবাদ জানাই।

আর ধন্যবাদ জানাব, কলেজের পরিচালন সমিতির সভাপতি এবং সকল
সদস্যদের, যাঁদের মতামত এবং উপদেশ আমাদের সঠিক দিশা দেখিয়ে সাফল্য
আনতে সাহায্য করেছে।

আরো আনন্দের সাথে জানাই যে, এই কাজে আমাদের বিশিষ্ট প্রাক্তনী এবং
পঃবঃ সরকারের মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর সাহায্যের হাত
বাড়িয়ে দিয়েছেন- সরকারী উন্নয়ন তহবিল থেকে তিনি আমাদের কলেজকে ৫
কোটি টাকা অর্থসাহায্য দেবার কথা ঘোষণা করেছেন।

এ আমাদের মস্ত বড় প্রাপ্তি।

কলেজের ছাত্রীরা প্রতি বছরের মতো এবছরও বিভিন্ন ক্ষেত্রে কৃতিত্বের ছাপ
রেখে কলেজের মুখোজ্জ্বল করেছে। অন্তঃকলেজ এবং আন্তঃকলেজ
প্রতিযোগিতায় যেসব প্রতিযোগীরা স্থানাধিকার করে আজ পুরস্কার গ্রহণ করবে,
তাদের অভিনন্দন জানাই।

অভিনন্দন জানাব কলেজের কর্মচারীদের যাদের সারাবছরের কাজের ফলশুতি

হিসেবে যোগমায়া দেবী কলেজ ২০১৯ সালে কন্যাশ্রী প্রকল্প রূপায়নে কলকাতার দ্বিতীয় স্থানাধিকারী কলেজ হিসেবে মনোনীত হয়েছে রাজ্য সরকার দ্বারা।

আমাদের দুজন এন.সি.সি ক্যাডেট শ্রেষ্ঠত্বের শিরোপা স্বরূপ গভর্নর মেডাল প্রাপ্ত হয়েছে। তাদের কুর্সিঃ জানাই।

ছাত্রীদের আর আপেক্ষায় না রেখে সকলকে ধন্যবাদ জানিয়ে প্রতিবেদন এখানেই শেষ করছি।

অঙ্গীকৃত
অধ্যক্ষ

৫-৩-২০২০

নমস্কারান্তে
ড. শ্রাবণী সরকার
অধ্যক্ষা